

পুষ্প
সায়িকা

সম্পাদনা

ড. দেবব্রত গায়েন

Prabandha Porikrama
Edited by : Dr. Debabrata Gayen

গ্রন্থস্বত্ব : সম্পাদক

প্রকাশক :

বিকাশ সাধুখাঁ

৯/৩ রমানাথ মজুমদার স্ট্রিট

কলকাতা-৭০০ ০০৯

প্রথম প্রকাশ : জানুয়ারি, ২০২১

বর্ণ বিন্যাসে : ঐশী লেজার

মুদ্রক : স্পেকট্রাম অফসেট

৫বি, কুণ্ডু লেন, কলকাতা-৩৭

ISBN : 978-93-91321-19-2

মূল্য : ৪০০ টাকা মাত্র

সূচিপত্র

কল্পরাজ্যের মানিক ড. আমিনা খাতুন	১১
প্রসঙ্গ শিশু-কিশোর চরিত্র : সৈয়দ মুস্তাফা সিরাজের ছোটগল্প ড. দেবব্রত গায়ের	১৮
রবীন্দ্রনাথের 'অপ্রিয়' গীতা সৌভিক চক্রবর্তী	২৪
রূপসী বাংলা : স্বপ্নের দেশ শংকরদেব মন্ডল	৩২
দেশভাগ ও উত্তর-পূর্বের বাংলা ছোটগল্প : বাস্তবহীনদের ভাসমান জীবনকথা ড. অনামিকা চক্রবর্তী	৩৮
শঙ্খ ঘোষের অন্তরঙ্গ আলাপচারিতা : 'সময়ের জলছবি' ও 'এখন সব অলীক' ড. শ্রীতা মুখার্জী	৪৬
ব্রাহ্মণ্য ধর্মের উত্থান এবং বৌদ্ধ ধর্মের অবক্ষয় : 'বেনের মেয়ে' এবং 'সিংহ সেনাপতি' শান্তনু প্রধান	৫৩
জনৈক কাপুরুষের কাহিনী : পরকীয়া এবং এক ভীরা নায়কের গল্প সুবীর কুমার সেন	৫৯
দাম্পত্য সংকটের কথকতা : মোজাম্মিল আলী লস্করের 'প্রেম বলে কথা' শুভেন্দু মণ্ডল	৬৮
মুজিবের হৃদয়ে পাখি সম্প্রিয়া চ্যাটার্জী	৭৪

রূপসী বাংলা : স্বপ্নের দেশ

শংকরদেব মন্ডল

অনেক রকম ভাবনায় কবিতা রচিত হয়ে থাকে। কবির সৃষ্টিতে বিশিষ্ট কোনো প্রবণতা অথবা একাধিক প্রবণতা ও চিন্তাভাবনা প্রতিফলিত হতে দেখা যায়। কবি কবিতায় যে উপলব্ধি ব্যক্ত করেন, পাঠকের মন সেই উপলব্ধিতে না পৌঁছাতেও পারে। রবীন্দ্র পরবর্তী (রবীন্দ্র-ভাবধারা থেকে ভিন্ন) অন্যতম শ্রেষ্ঠ আধুনিক কবি জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থ বহুমাত্রিক আভার আলোকবর্তিকা। চিরকালের জীবন-স্বপ্ন ও প্রত্যক্ষ বাস্তবতার ঘনিষ্ঠ সন্নিবেশে গ্রামবাংলা তার সুখ-দুঃখ ভয়াবহতা নিয়ে জীবনানন্দের এ কাব্য উদ্ভাসিত। কিন্তু ভৌগলিক মানচিত্র এবং মানবিক মনচিত্রের মেলবন্ধন সর্বদা আশা করা যায় না। তবুও বাংলার দেহীরূপ পূর্ণ কাঠামো দিয়ে এই কাব্যে যেটুকু ধরা পড়েছে তা কালের বন্ধে চিরন্তন মননচিত্র হয়ে আছে।

কাব্যগ্রন্থটি ১৯৫৭ সালে প্রকাশিত (কবিতাগুলি আনুমানিক ১৯৩৪-১৯৪৪-এর মধ্যে লেখা) হয়েছিল। আজ পঁয়ষাট বছরের ইতিহাসে অনেক বিশিষ্ট সমালোচক বিভিন্ন দৃষ্টিকোণ এই কাব্যের বিচার করেছেন। অবিশিষ্টের সম্বল নিজস্ব উপলব্ধি। সকলের উপলব্ধি অভিন্ন নয়-এইটুকুই ভরসা।

তিনকাল ব্যাপ্ত কবি-মানসিকতর বাহ্যিক ও অভ্যন্তরীণ মোহময় স্বপ্ন-কল্পনায় এই কাব্যের কায়া গঠিত। বিশিষ্ট চিন্তাশীল কবি তাঁর যাপিত জীবনের চিহ্ন খুঁজছেন-জন্ম, বেড়ে ওঠা, ভালোলাগা, আশা-আকাঙ্ক্ষার, বিচ্ছেদ বেদনার স্মৃতি-চিত্র চেতনার ঐতিহ্য, সংস্কৃতি, দেশীয় লোককথা, ভূমিরূপ ও তার প্রকৃতি নিয়ে সার্বিক এক বিশিষ্ট জনসমাজের বিবর্তনধারার শাস্বত গতিময়তার মধ্যে।

অতীতের ঐতিহ্য এবং ভবিষ্যতের স্বপ্নের সংযোগবিন্দুতে ব্যক্তিচেতনার যে চঞ্চল গতিময়তা, তাতে প্রতিমুহূর্তে একটি হারাবার বেদনা কাজ করেছে। তৈরি হচ্ছে আশা, সে আশা সফল হবে কিংবা নিরাশায় পর্যবসিত হতে পারে। এই দ্বৈত মানসক্রিয়ার সহাবস্থানে সবই অবিচ্ছিন্ন মনে হলেও সময়ের সরণে তা বিচ্ছিন্ন। তাই অস্তিত্বময় এবং অস্তিত্বহীন জগতের যে সংগম আজন্ম ধরে চলছে, সেখানে ব্যক্তিমানুষের অস্তিত্বহীনতাই তো ব্যপ্ত আকারে বিরাজমান। মহাকালের নিরিখে মরণোন্মুখ প্রাণসত্তার শংকিত পদচারণাই তো জীবন। স্মৃতির সঞ্চয়ও নগণ্য। সবাই তো অনুভূতিশীল মানুষ নয়। সেই কারণে, কবি-আত্মার কণ্ঠস্বর 'রূপসী বাংলা' কাব্যে কবির কালগত চেতনার, প্রকৃতিময় চেতনার যে ঘনীভূত কোমল রূপ প্রকাশিত হয়েছে তার সঙ্গে সমগ্র বাংলার এবং বিশ্বের অবিচ্ছিন্নতাসহ প্রত্যেক